প্রথম আলো

তারিখ : 30 DEC 2017
পৃষ্ঠা : ৩ কলাম : ৪

# বিনা মূল্যে পাঠ্যপুস্তক বিতরণ উদ্বোধন আজ

বাসস ●

প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ শনিবার ২০১৮ শিক্ষাবর্ষের বিনা মূল্যে পাঠ্যপুস্তক বিতরণ অনুষ্ঠানের উদ্বোধন করবেন। আগামী ১ জানুয়ারি সারা দেশে 'জাতীয় পাঠ্যপুস্তক উৎসব' উদ্‌যাপন করা হবে।

সরকারি সূত্র বলেছে, প্রধানমন্ত্রী শেখ হাসিনা আজ তাঁর সরকারি বাসভবন গণভবনে সকাল ১০টায় প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের হাতে বই তুলে দিয়ে বিনা মূল্যে পাঠ্যপুস্তক বিতরণ কর্মসূচির আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন।

সূত্র বলেছে, এ বছর সারা দেশে ৪ কোটি প্রাক্-প্রাথমিক, প্রাথমিক, মাধ্যমিক, ইবতেদায়ি, দাখিল ভোকেশনাল, এসএসসি ভোকেশনাল, ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠী এবং দৃষ্টিপ্রতিবন্ধী শিক্ষার্থীদের মধ্যে মোট ৩৫,৪২,৯০,১৬২টি পাঠ্যবই বিতরণ করা হবে।

**প্রধানমন্ত্রী যশোর যাচ্ছেন রোববার**

প্রধানমন্ত্রী বাংলাদেশ বিমানবাহিনীর (বিএএফ) নতুন কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের রাষ্ট্রপতি কুচকাওয়াজ-২০১৭-এর অনুষ্ঠানে যোগ দিতে কাল রোববার যশোর যাবেন। এ সময় তিনি সেখানে মোট ২৭টি উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করবেন।

সকালে যশোর পৌঁছে শেখ হাসিনা বিএএফ একাডেমিতে বাংলাদেশ বিমানবাহিনীর নতুন কমিশনপ্রাপ্ত কর্মকর্তাদের রাষ্ট্রপতি কুচকাওয়াজে যোগ দেবেন। পরে বিকেলে তিনি ঈদগাহ ময়দানে মোট ২৭টি উন্নয়ন প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন ও উদ্বোধন করবেন। এ ছাড়া ওই ময়দানে জনসভায় তিনি ভাষণ দেবেন।